মেহেরপুরের মোখলেছুর রহমান স্কুল অ্যান্ড কলেজে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

মেহেরপুর জেলার এসএসসি ও এইচএসসিতে শ্রেষ্ঠ ফলাফল অর্জনকারী শিক্ষা প্রতিষ্ঠান গাংনীর সন্ধানী স্কুল অ্যান্ড কলেজের মেহেরপুর ক্যাম্পাসে ২০২৬ শিক্ষাবর্ষের জন্য দ্বিতীয় থেকে সপ্তম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।
শনিবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির জন্য এক ঘণ্টা এবং চতুর্থ থেকে সপ্তম শ্রেণি পর্যন্ত দুই ঘণ্টাব্যাপী ভর্তি পরীক্ষা নেওয়া হয়। জেলায় মানসম্মত শিক্ষা নিশ্চিত ও শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে ২০২৬ সাল থেকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের চাঁদবিল প্রধান সড়কের পাশে সন্ধানী সংস্থার প্রধান পৃষ্ঠপোষক, বিশিষ্ট শিক্ষাবিদ ও সমাজবিজ্ঞানী, বীর মুক্তিযোদ্ধা ড. মোখলেছুর রহমানের নামে মোখলেছুর রহমান স্কুল অ্যান্ড কলেজ প্রতিষ্ঠা করা হচ্ছে। প্রতিষ্ঠানটি ২০২৬ সালেই একাডেমিক কার্যক্রম শুরু করবে বলে জানানো হয়।
এ বিষয়ে সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আবু জাফর বলেন, আজ আমাদের জন্য অন্যরকম অনুভূতির দিন। দীর্ঘদিনের লালিত স্বপ্ন মেহেরপুরে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা এবং শিক্ষার আলো ছড়িয়ে দেওয়ার এই প্রচেষ্টা। সকলের সহযোগিতায় জেলায় মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে আমাদের চেষ্টা অব্যাহত থাকবে।
ভর্তি পরীক্ষার পরিসংখ্যান অনুযায়ী, ২০২৬ শিক্ষাবর্ষে দ্বিতীয় শ্রেণিতে ৬১ জন ফরম উত্তোলন করে ৪৯ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। তৃতীয় শ্রেণিতে ৮০ জন ফরম উত্তোলনের মধ্যে ৭৪ জন পরীক্ষায় অংশ নেয়। পঞ্চম শ্রেণিতে ৫১ জন ফরম উত্তোলন করে ৪৭ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। ষষ্ঠ শ্রেণিতে ১১৮ জন ফরম উত্তোলনের মধ্যে ১০৬ জন এবং সপ্তম শ্রেণিতে ৬০ জন ফরম উত্তোলনের মধ্যে ৫৭ জন ভর্তি পরীক্ষায় অংশ নেয়।
সব মিলিয়ে এ বছর ৪২৩ জন শিক্ষার্থী ফরম উত্তোলন করে ৩৯০ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে, যার গড় উপস্থিতির হার ৯১.১২ শতাংশ।
প্রথমবারের মতো এ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পেরে শিক্ষার্থী ও অভিভাবকরা আনন্দ ও উচ্ছ্বাস প্রকাশ করেন।

দামুড়হুদায় ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষার লটারী অনুষ্ঠিত

দামুড়হুদায় ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষার লটারী অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের আয়োজনে ১শত ৬৫ আসনের বিপরীতে উপজেলা অডিটোরিয়াম হলে দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজ ও ভর্তি পরীক্ষার লটারী বাছাই কমিটির সভাপতি মমতাজ মহলের সভাপতিত্বে এই লটারী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এ্যান্ড কলেজের ষষ্ঠ শ্রেণীর ক, খ এবং গ শাখা মিলে প্রতি শাখায় ৫৫ জন করে মোট আসন সংখ্যা ১শত ৬৫। ভর্তির জন্য আবেদন পড়েছে ১শত ৯৯ জন।এদের মধ্যে থেকে লটারীর মাধ্যমে ১শত ৬৫ জন ছাত্রীকে লটারীর মাধ্যমে বাছাই করা হয়। বাকি ৩৪ জন জন ছাত্রীকে অপেক্ষমান তালিকায় রাখা হয়।

এ সময় উপস্থিত ছিলেন লটারী বাছাই কমিটির সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এস এম বজলুর রশিদ, সদস্য উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, সদস্য মুক্তারপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক বখতিয়ার উদ্দিন আরও উপস্থিত ছিলেন মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষিকা ফাহমিদা রহমান, দামুড়হুদা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সহকারি শিক্ষক মিরাজুল ইসলাম, আব্দুর রাজ্জাক, এমদাদুল হক, বিপুল কুমার, আবু বক্কর সিদ্দিকসহ ভর্তি ইচ্ছুক আবেদনকারী ছাত্রীদের অভিভাবকবৃন্দ।